

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স -২৭২২(আগরতলা, ০১।১১)

সাব্রুম, ০১ নভেম্বর, ২০১৮

ফেনী নদীর উপর নির্মীয়মাণ  
মৈত্রী সেতু পরিদর্শনে মুখ্যমন্ত্রী

মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব আজ সাব্রুম সফরকালে ফেনী নদীর উপর নির্মীয়মাণ ভারত-বাংলাদেশের মধ্যে সংযোগ স্থাপনকারী মৈত্রী সেতুর নির্মাণ কাজ পরিদর্শন করেন। আজ বেলা ২টায় মুখ্যমন্ত্রী এই সেতু পরিদর্শনে আসেন। পরিদর্শনের সময় মুখ্যমন্ত্রীর সাথে ছিলেন বিধায়ক শংকর রায়, বিধায়ক অরুণ চন্দ্র ভৌমিক, বিধায়ক প্রমোদ রিয়াং, দক্ষিণ ত্রিপুরা জেলার জেলাশাসক দেবপ্রিয় বর্ধন, জেলার তিন মহকুমার মহকুমা শাসকগণ, ব্লকের বিডিওগণ ও নির্মাণ সংস্থার প্রতিনিধিরা। মৈত্রী সেতু পরিদর্শনের সময় সেতুর নির্মাণ কাজের দায়িত্বপ্রাপ্ত সংস্থার প্রতিনিধি জানান, এই সেতুর দুটি এপ্রোচ রোড রয়েছে। একটি এপ্রোচ রোড ভারতে অপরটি বাংলাদেশে। সেতুর দশটি পিলারের মধ্যে চারটি পিলারের নির্মাণ কাজ চলছে। প্রাকৃতিক দুর্যোগের কারণে সেতুর পিলার নির্মাণের কাজ কিছুটা বিলম্ব হয়েছে। মুখ্যমন্ত্রী আগামী ১ মাসের মধ্যে এই পিলারগুলির নির্মাণ কাজ শেষ করার জন্য প্রয়োজনীয় নির্দেশ দেন। পিলার নির্মাণের পাশাপাশি এপ্রোচ রোড এবং মেইন রোডের নির্মাণ কাজও চালিয়ে যেতে মুখ্যমন্ত্রী নির্মাণ সংস্থার প্রতিনিধিদের বলেন। মুখ্যমন্ত্রী জানান, যোগাযোগ ব্যবস্থা উন্নত হলে অর্থনৈতিক স্বয়ম্ভরতা আসে। চট্টগ্রাম ও মংলা বন্দরের সাথে যোগাযোগ ব্যবস্থা চালুর জন্য ফেনী নদীতে ছোট ছোট জাহাজ চলাচলের কথা উল্লেখ করে তিনি বলেন এক্ষেত্রে নদীর নাব্যতা বৃদ্ধির ব্যাপারে সরকার প্রয়োজনীয় পদক্ষেপ নেবে। জলপথে যোগাযোগ চালু হলে যোগাযোগ ও পরিবহন ব্যয় অনেকটাই কমে যায়। এতে জনগণ যেমন উপকৃত হন তেমনি রাজ্যও আর্থিকভাবে লাভবান হয়।

\*\*\*\*\*